জাতীয় তথ্য বাতায়নের উপজেলা মৎস্য অফিসের সেবাবক্স ব্যবহারের মাধ্যমে মৎস্যচাষ বিষয়ক লিফলেট, পুস্তক ও ম্যানুয়াল বিতরণ

বাস্তবায়নকারীঃ

নাম	পদবি	কর্মস্থল
পবিত্র কুমার দাস	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার	পাইকগাছা, খুলনা

বিদ্যমান সেবাদান পদ্ধতিঃ

- > চাষি কর্তৃক উপজেলা মৎস্য অফিস ভিজিটের মাধ্যমে সেবা গ্রহণ
- কর্মকর্তা-কর্মচারি কর্তৃক খামার/মাঠ পরিদর্শন ও সেবা প্রদান
- > টেলিফোন/মোবাইল ফোনের মাধ্যমে পরামর্শ প্রদান
- > প্রশিক্ষণ, মত বিনিময় সভা ও উন্নয়ন মেলা মাধ্যমে সেবা প্রদান
- > বিশেষ সেবা (মৎস্য সপ্তাহ, মৎস্য পরামর্শ দিবস) কর্মসূচির মাধ্যমে মৎস্যচাষ বিষয়ক লিফলেট, পুস্তক ও ম্যানুয়াল বিতরণ প্রদান

সমস্যার বিবৃতিঃ

সাধারণত মৎস্য চাষিকে প্রযুক্তিগত সেবা পেতে হলে সময় ও অর্থ ব্যয় করে মৎস্য অফিসে আসতে হয় ফলে তার খরচ ও হয়রানি বৃদ্ধি পায়।
অফিস ছুটির সময় চাষিরা সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হয়।
টেকনিক্যাল জনবল সংকটের ফলে কাঙ্খিত সেবা প্রদানে বিঘ্ন ঘটে।
গ্রামীন অবকাঠামো এবং যোগাযোগ ব্যবস্থা খারাপ হলে সময়মত সেবা প্রদান সম্ভব হয় না।
প্রশিক্ষণের বরাদ্দ অপর্যাপ্ত হওয়ায় বহু সংখ্যক চাষি/উদ্যোক্তা সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হয়।
মৎস্য উৎপাদন কমে যায়, চাষিরা কাঞ্ছিত লাভ পায় না।
নতুন উদ্যোক্তাগণ অধিকাংশ ক্ষেত্রে সঠিক দিক নির্দেশনা পায় না।

সমাধানঃ

- জাতীয় তথ্য বাতায়নের উপজেলা মৎস্য অফিসের সেবাবক্স ব্যবহারের মাধ্যমে মৎস্যচাষ বিষয়ক পুস্তক, লিফলেট ও
 ম্যানুয়াল বিতরণ একটি ডিজিটাল মৎস্য সম্প্রসারণ উদ্যোগ।
- মৎস্যচাষ বিষয়ক পুস্তক, লিফলেট ও ম্যানুয়াল চাষি/উদ্যোক্তাদের নিকট সহজে পৌছে দেওয়া সম্ভব হবে এবং সেবা প্রদান অনেক সহজ হবে।
- চাষিরা কাঞ্ছিত সেবা হাতের নাগালে সহজেই পাবে, অনুপ্রাণিত হবে, নতুন নতুন মৎস্য উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে বেকার সমস্যার সমাধান হবে এবং মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে।

নতুন সেবাদান পদ্ধতিঃ

- মৎস্য অধিদপ্তরের ন্যয় উপজেলা মৎস্য অফিসের তথ্য বাতায়নে "প্রকাশনা সমূহ" নামে সেবাবক্স খোলা হবে।
- আধুনিক ও লাগসই মৎস্য প্রযুক্তি বিষয়ক লিফলেট, পুস্তক, ও ম্যানুয়াল আপলোড দেওয়া হবে।
- লিফলেট, ব্যানার, সেমিনার, সভা, ফেসবুকসহ অন্যান্য গণমাধ্যমের সাহায্যে প্রচার-প্রচারণার মাধ্যমে মৎস্য ও চিংড়ি
 চাষিদের অবহিতকরণ।
- মৎস্য ও চিংড়ি চাষি/উদ্যোক্তাবৃন্দ উপজেলা মৎস্য অফিসের তথ্য বাতায়নে "প্রকাশনা সমুহ" নামে সেবাবক্স থেকে তাদের প্রয়োজনীয় লিফলেট, পুস্তক, ও ম্যানুয়াল (ডিজিটাল ডকুমেন্ট) ডাউনলোড করে উপজেলায় না গিয়েই তাৎক্ষণিকভাবে সেবা নিতে পারবে এবং আরও অন্যান্যদের সাথে শেয়ার করতে পারবে। রাত দিন ২৪ ঘন্টা এভাবে তারা প্রয়োজনীয় সকল সেবা গ্রহণ করতে পারবেন।

প্রত্যাশিত ফলাফল (TCV)

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	১-৪ ঘন্টা	৫০-২০০ টাকা	১-২ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	১-৫ মিনিট	১০-২০ টাকা	-
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহীতার প্রত্যাশিত	প্রায় ৯০-৯৫%	খরচ প্রায় ৯০-	চাষির দোর
বেনিফিট	সময় সাশ্রয়ী হবে	৯৫% কমবে	গোড়ায় সেবা
			নিশ্চিত হবে

অন্যান্য সুবিধাঃ

- মাছের উৎপাদন বৃদ্ধি,
- > সীমিত জনবলের মাধ্যমেও সহজে পরামর্শ সেবা প্রদান সম্ভব,
- 🕨 লাগসই প্রযুক্তি সমপ্রসারণের ফলে নতুন নতুন মৎস্য উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থান হবে,
- > সর্বোপরি তথ্য প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে সেবা প্রদান এবং সত্যিকারের ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলা সহজ হবে।

রিসোর্স ম্যাপঃ

প্রয়োজনীয় সম্পদ			কোগা কৰে প্ৰাক্তিয়া মাৰেও	
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	কোথা হতে পাওয়া যাবে?	
জনবল	১-২ জন	-	উপজেলা মৎস্য অফিস	
বস্তুগত	ল্যাপটপ ও ডেক্সটপ	5,00,000/=	মৎস্য অধিদপ্তর	
অন্যান্য	প্রচারণা, লিফলেট, সেমিনার/সভা	৬০,০০০/=	মৎস্য অধিদপ্তর	
প্রয়োজনীয় মোট অর্থ		১,৬০,০০০/=	মৎস্য অধিদপ্তর	